**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পানি সম্পদ মন্ত্রণালয়**
**বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর**
**প্রশাসন-শাখা**
**৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫**
www.dbhwd.gov.bd

স্মারক নং: ৪২.০৪.০০০০.০০১.১৬.০০১.২২-**৩২৭**

তারিখ: ১৪ কার্তিক, ১৪২৯
৩০ অক্টোবর, ২০২২

## সভার বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে আলোচনা সভা।**

আগামী ৩১ অক্টোবর, ২০২২ তারিখ রোজ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় ড.আলী মুহম্মদ ওমর ফারুক, পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ), বাহাজউঅ মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে (কক্ষ নং-০৫) উদ্ভাবন কর্মপরিকল্পনায় ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় ইনোভেশন টিমের সকল সদস্যকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০/১০/২০২২

(মো: খায়রুল আলম সুমন)
উপপরিচালক (পরিকল্পনা, আইসিটি)
ফোনঃ ০২-৪৪৮১৯১২৩
ই-মেইল: nkhanom5@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
০২। উপপরিচালক (প্রশাসন ও অর্থ),বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
০৩। সহকারী পরিচালক (পরিকল্পনা ও পরিবীক্ষণ), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।

অনুলিপিঃ

০১। সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা (সভায় আপ্যায়নর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
০৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫
www.dbhwd.gov.bd

**বিষয়: ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. আলী মুহম্মদ ওমর ফারুক
পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
সভার তারিখ : ৩১ অক্টোবর ২০২২ খ্রি:
সভার সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, 'চতুর্থ শিল্প বিপ্লব' ধারণাটি সর্বপ্রথম প্রবর্তন করেন একদল বিজ্ঞানী যারা জার্মান সরকারের জন্য একটি উচ্চ প্রযুক্তিগত কৌশল তৈরী করছিলেন। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের নির্বাহী চেয়ারম্যান ক্লাউস শোয়াব ২০১৫ সালে 'ফরেন অ্যাফেয়ার্স' এ প্রকাশিত একটি নিবন্ধের মাধ্যমে ধারণাটিকে বৃহৎ পরিসরে উপস্থাপন করেন। 'চতুর্থ শিল্প বিপ্লবকে' আয়ত্ত করা ছিল ২০১৬ সালে সুইজারল্যান্ডের ডেভোস-ক্লোস্টারস এ অনুষ্ঠিত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বার্ষিক সভার বিষয়বস্তু। ১০ অক্টোবর ২০১৬ সালে ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরাম স্যান ফ্র্যান্সিস্কোতে তাদের চতুর্থ শিল্প বিপ্লবের কেন্দ্র উদ্বোধনের ঘোষণা দেয়। এর মাধ্যমে সুখী ও সমৃদ্ধ রাষ্ট্র গঠন করা সম্ভব বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরো উল্লেখ করেন যে, বাংলাদেশের হাওর অঞ্চলের ৭টি জেলার ২(দুই) কোটি মানুষের মধ্যে কৃষিজীবি, মৎস্যজীবি, শ্রমজীবিসহ বিভিন্ন পেশার মানুষ আছে। ৪র্থ শিল্প বিপ্লবের ফলে এ সকল পেশাজীবি মানুষের জীবনমানের আমূল পরিবর্তন হবে। ৪র্থ শিল্প বিপ্লবে কৃষি কৌশল ও যান্ত্রিকীকরণের আমূল পরিবর্তন ঘটবে। হাওর ও জলাভূমি এলাকায় ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ সেক্টরের পেশাজীবিরা যাতে এ পরিবর্তনের সাথে খাপ খাইয়ে উৎপাদনশীলতার ধারাকে অব্যাহত রাখতে পারে এ বিষয়ে করণীয় বিষয়ে আলোকপাত করেন।

পরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন যে, মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং১৬৮৩/২০১৪ (বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা) বনাম বাংলাদেশ সরকার ও অন্যান্য)-তে প্রদত্ত আদেশে 'জলাভূমি (Wetlands) সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন' প্রণয়নের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর থেকে জলাভূমি সুরক্ষা ও ব্যবস্থাপনা নীতিমালা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, উক্ত নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলাসহ সম্ভবনাগুলো কাজে লাগানোর বিষয়টি বিবেচনায় নিয়েই আইনের খসড়াটি তৈরী হয়েছে। '৪র্থ শিল্প বিপ্লবের প্রভাব এবং নিকটবর্তী ভবিষ্যতের চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনার পর সভায় নিম্মলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| কৌশলগত বিষয়বস্তু | করণীয় বিষয় | সেবা/কার্যক্রমটিতে প্রস্তাবিত 4IR সম্পর্কিত প্রযুক্তির নাম | স্বল্প মেয়াদী (২০২২-২৩) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| প্রস্তাবিত জলাভূমি আইন বাস্তবায়ন | ধারা ৫ (১) (ক) জলাভূমির তালিকা প্রণয়ন | AI, Big data Analysis, GIS | বিভিন্ন দপ্তর থেকে জলাভূমির তালিকা সংগ্রহ করতে হবে। | জিআই এস ম্যাপ প্রণয়ন করতে হবে। | গুগল ম্যাপ ও জিআইএস ম্যাপ একত্রিকরণ করে তথ্য ভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করতে হবে। | মহাপরিচালক, বাহাজউঅ |
| প্রস্তাবিত জলাভূমি আইন | ধারা৫ (২) (ছ) শিল্প কারখানার অপরিশোধিত তরল বা কঠিন বর্জ্য | AI, Big data Analysis, GIS | বিভিন্ন দপ্তর থেকে শিল্প কল কারখানার তালিকা | জিআই এস ম্যাপ প্রণয়ন করতে হবে। | গুগল ম্যাপ ও জিআইএস ম্যাপ একত্রিকরণ করে তথ্য | মহাপরিচালক, বাহাজউঅ |

| কৌশলগত বিষয়বস্তু | করণীয় বিষয় | সেবা/কার্যক্রমটিতে প্রস্তাবিত 4IR সম্পর্কিত প্রযুক্তির নাম | স্বল্প মেয়াদী (২০২২-২৩) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| বাস্তবায়ন | জলাভূমিতে নিক্ষেপ বা মিশ্রণ বা নিঃসরণ যাহার ফলে পানি দূষিত হয় বা জলাভূমির উদ্ভিদ ও প্রাণিকুল, জলজ বাস্তুতন্ত্র এবং পরিবেশ, প্রতিবেশ ক্ষতিগ্রস্থ হয়; | | সংগ্রহ করতে হবে। | | ভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করতে হবে। | |
| প্রস্তাবিত জলাভূমি আইন বাস্তবায়ন | ধারা ৫ (২) (জ) অভয়াশ্রম হিসাবে ঘোষিত জলাভূমি এলাকায় পানি বা শব্দ দূষণ সৃষ্টিকারী যান্ত্রিক জলযান চালানো; | AI, Big data Analysis, GIS, Biotechnology | বিভিন্ন দপ্তর থেকে অভয়াশ্রমের তালিকা সংগ্রহ করতে হবে। | জিআই এস ম্যাপ প্রণয়ন করতে হবে। | গুগল ম্যাপ ও জিআইএস ম্যাপ একত্রিকরণ করে তথ্য ভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করতে হবে। | মহাপরিচালক, বাহাজউঅ |
| প্রস্তাবিত জলাভূমি আইন বাস্তবায়ন | ধারা ৫ (২) (ঝ) অনুমোদিত বালুমহাল বা পাথরমহাল ব্যতীত জলাভূমি হইতে বালু বা পাথর উত্তোলন; | AI, Big data Analysis, GIS | বিভিন্ন দপ্তর থেকে বালুমহাল বা পাথরমহাল এর তালিকা সংগ্রহ করতে হবে। | জিআই এস ম্যাপ প্রণয়ন করতে হবে। | গুগল ম্যাপ ও জিআইএস ম্যাপ একত্রিকরণ করে তথ্য ভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করতে হবে। | মহাপরিচালক, বাহাজউঅ |
| প্রস্তাবিত জলাভূমি আইন বাস্তবায়ন | ধারা ৫ (২) (ঞ) জলাভূমির অবৈধ দখল, ভরাট বা অননুমোদিত খনন; | AI, Big data Analysis, GIS | বিভিন্ন দপ্তর থেকে অবৈধ দখল, ভরাট এর তালিকা সংগ্রহ করতে হবে। | জিআই এস ম্যাপ প্রণয়ন করতে হবে। | গুগল ম্যাপ ও জিআইএস ম্যাপ একত্রিকরণ করে তথ্য ভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করতে হবে। | মহাপরিচালক, বাহাজউঅ |
| প্রস্তাবিত জলাভূমি আইন বাস্তবায়ন | ধারা ৫ (২) (ঠ) জলাভূমির অননুমোদিত পরিবর্তন বা রূপান্তর; | AI, Big data Analysis, GIS | বিভিন্ন দপ্তর থেকে অবৈধ দখল, ভরাট এর তালিকা সংগ্রহ করতে হবে। | জিআই এস ম্যাপ প্রণয়ন করতে হবে। | গুগল ম্যাপ ও জিআইএস ম্যাপ একত্রিকরণ করে তথ্য ভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করতে হবে। | মহাপরিচালক, বাহাজউঅ |
| প্রস্তাবিত জলাভূমি আইন বাস্তবায়ন | ধারা ৫ (২) (ড) প্রাকৃতিক ভারসাম্যের জন্য অত্যাবশ্যকীয় ঘোষিত এমন কোন জলমহাল ইজারা প্রদান। | AI, Big data Analysis, GIS | বিভিন্ন দপ্তর থেকে জলমহাল ইজারা প্রদান এর তালিকা সংগ্রহ করতে হবে। | জিআই এস ম্যাপ প্রণয়ন করতে হবে। | গুগল ম্যাপ ও জিআইএস ম্যাপ একত্রিকরণ করে তথ্য ভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করতে হবে। | মহাপরিচালক, বাহাজউঅ |
| প্রস্তাবিত জলাভূমি আইন বাস্তবায়ন | ধারা **৬** (৫) জলাভূমির পানির অন্তঃপ্রবাহ বা আন্তঃপ্রবাহ বা বহিঃপ্রবাহ অব্যাহত রাখিবার নিমিত্ত খনন কার্যক্রম গ্রহণ করা যাইবে; | AI, Big data Analysis, GIS | বিভিন্ন দপ্তর থেকে পানি প্রবাহ নিশ্চিতের জন্য প্রয়োজনীয় খাল খননের তালিকা সংগ্রহ করতে হবে। | জিআই এস ম্যাপ প্রণয়ন করতে হবে। | গুগল ম্যাপ ও জিআইএস ম্যাপ একত্রিকরণ করে তথ্য ভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করতে হবে। | মহাপরিচালক, বাহাজউঅ |
| প্রস্তাবিত জলাভূমি আইন বাস্তবায়ন | ধারা **৬** (৯) নদীতীরের ভাঙ্গন রোধকল্পে যথাযথ সমীক্ষার ভিত্তিতে এবং উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ বা খনন কার্যক্রম গ্রহণ করা যাইবে; | AI, Big data Analysis, GIS | বিভিন্ন দপ্তর থেকে নদীতীরের ভাঙ্গন এর তালিকা সংগ্রহ করতে হবে। | জিআই এস ম্যাপ প্রণয়ন করতে হবে। | গুগল ম্যাপ ও জিআইএস ম্যাপ একত্রিকরণ করে তথ্য ভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করতে হবে। | মহাপরিচালক, বাহাজউঅ |
| প্রস্তাবিত জলাভূমি আইন বাস্তবায়ন | ধারা **৬** (১০) নদীর নাব্যতা ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য যথাযথ সমীক্ষার ভিত্তিতে এবং উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে খনন ও সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম | AI, Big data Analysis, GIS | বিভিন্ন দপ্তর থেকে ভারাট হয়ে যাওয়া নদীর তালিকা সংগ্রহ করতে হবে। | জিআই এস ম্যাপ প্রণয়ন করতে হবে। | গুগল ম্যাপ ও জিআইএস ম্যাপ একত্রিকরণ করে তথ্য ভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করতে হবে। | মহাপরিচালক, বাহাজউঅ |

| কৌশলগত বিষয়বস্তু | করণীয় বিষয় | সেবা/কার্যক্রমটিতে প্রস্তাবিত 4IR সম্পর্কিত প্রযুক্তির নাম | স্বল্প মেয়াদী (২০২২-২৩) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | গ্রহণ করা যাইবে; | | | | | |
| প্রস্তাবিত জলাভূমি আইন বাস্তবায়ন | ধারা ১৩। জলাভূমি এলাকার প্রতিবেশ সুরক্ষার নিমিত্ত জলচর পাখির নিরাপদ আবাসস্থল ও অবাধ চলাচল নিশ্চিত করিবার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে হইবে। | AI, Big data Analysis, GIS, Biotechnology | বন ও পরিবেশ মন্ত্রণালয় হতে পাখির নিরাপদ আবাসস্থল তালিকা সংগ্রহ করতে হবে। | জিআই এস ম্যাপ প্রণয়ন করতে হবে। | গুগল ম্যাপ ও জিআইএস ম্যাপ একত্রিকরণ করে তথ্য ভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করতে হবে। | মহাপরিচালক, বাহাজউঅ |
| প্রস্তাবিত জলাভূমি আইন বাস্তবায়ন | ধারা ১৪। জলাভূমি এলাকায় কোন মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প/কার্যক্রম সমন্বয় ও পরিবীক্ষণ করিতে হইবে। | AI, Big data Analysis, GIS | বিভিন্ন দপ্তর থেকে উন্নয়ন প্রকল্পের তালিকা সংগ্রহ করতে হবে। | জিআই এস ম্যাপ প্রণয়ন করতে হবে। | গুগল ম্যাপ ও জিআইএস ম্যাপ একত্রিকরণ করে তথ্য ভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করতে হবে। | মহাপরিচালক, বাহাজউঅ |
| প্রস্তাবিত জলাভূমি আইন বাস্তবায়ন | ধারা ১৫। জলাভূমি এলাকার তথ্য সংগ্রহ ও ডাটাবেজ প্রস্তুত, প্রকাশ ও প্রচার করিতে হইবে। | AI, Big data Analysis, High speed Mobile Internet | প্রচার প্রকাশনার জন্য বর্তমানে প্রচলিত অনলাইন প্লাটফর্ম ব্যবহার করতে হবে। | প্রচার প্রকাশনার জন্য নিজস্ব প্লাটফর্ম তৈরি করতে হবে। | প্রচার প্রকাশনার জন্য নতুন সিস্টেম ডেভেলপ করতে হবে। | মহাপরিচালক, বাহাজউঅ |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/১০/২০২২

ড. আলী মুহম্মদ ওমর ফারুক
পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ)

স্মারক নং: ৪২.০৪.০০০০.০০১.১৬.০০১.২২-**৩২৮/১(৮)**

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯
৩১ অক্টোবর, ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (পরিকল্পনা, আইসিটি), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৩. পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৪. উপপরিচালক (সকল), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৫. সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৭. ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি শাখা, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অফিস কপি।

৩১/১০/২০২২

(মো: খায়রুল আলম সুমন)
উপপরিচালক (পরিকল্পনা, আইসিটি)
ফোনঃ ০২-৪৪৮১৯১২৩
ই-মেইল: khairulshumon15@gmail.com